



**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**  
Noakhali Science and Technology University (NSTU)  
Sonapur, Noakhali- 3814, Bangladesh  
সোনাপুর, নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

Phone : 880 - 321-62812  
Fax : 880 - 321-62758  
Mobile :  
E-mail : info@nstu.edu.bd  
Website : www.nstu.edu.bd

**বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ**  
Biotechnology & Genetic Engineering Department

স্মারক নং নোবিপ্রবি/বিজিই/মা-ভর্তি-বিজ্ঞপ্তি/২০২২/ ২৫৮৩

তারিখ: ২৩ অক্টোবর, ২০২২

## স্নাতকোত্তর (মাস্টার্স) ভর্তির বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (Master's in Biotechnology and Genetic Engineering) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছুদের বিভাগীয় অফিস থেকে অফিস চলাকালীন সময়ে ২০/১০/২০২২ তারিখ হতে ১০/১১/২০২২ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দেওয়া হবে। আবেদন ফরমের মূল্য ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)।

- ডিগ্রির নাম : 1. Master's in Biotechnology and Genetic Engineering (Thesis)  
2. Master's in Biotechnology and Genetic Engineering (Non Thesis)
- ডিগ্রির অর্জনের সময় কাল : 1. Thesis Group ১৮ মাস (৩ সেমিস্টার)।  
2. Non Thesis Group ১২ মাস (২ সেমিস্টার)।

### ভর্তির যোগ্যতা

- প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ বা অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে Biotechnology and Genetic Engineering/ Genetic Engineering and Biotechnology/Biotechnology সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে।
- প্রার্থীর স্নাতক (সম্মান) পর্যায়ে নোবিপ্রবি থেকে পাশ করা শিক্ষার্থীদের জন্য ন্যূনতম জিপিএ ২.২৫ এবং অন্য বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা শিক্ষার্থীদের জন্য ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত এবং বর্ণিত শর্ত সমূহ পালন করতে হবে :

প্রাথমিক যাচাই-বাছাই এর পর কৃতকার্যদের ভর্তি প্রক্রিয়া চূড়ান্ত করণের লক্ষ্যে স্বাক্ষরকারের সময়-সূচী বিভাগীয় অফিস থেকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে এবং প্রণীত সময় সূচী মোতাবেক যথা সময়ে উপস্থিত থাকতে হবে। এতে কোন ধরনের টিএ/ডিএ প্রদান করা হবে না।

শিক্ষাগত যোগ্যতা প্রমানের জন্য সকল পরীক্ষার গ্রেডশীট/মার্কশীট এবং স্যাটিফিকেট এর সত্যায়িত কপি।

সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি/নাগরিক সনদ।

১০০০.০০ (এক হাজার) টাকার বিনিময়ে বিভাগীয় অফিস থেকে আবেদন ফরম সরবরাহ করা হবে।।

চাকুরীরত প্রার্থীকে নিজ-নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে (ক্লাশে যোগদান ও পরীক্ষায় অংশ গ্রহণ) শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য পূর্ণ কালীন ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে। উল্লেখ্য, চাকুরীরত নয় উল্লেখ করে ভর্তি হলে এবং পরবর্তীতে যে কোন সময়ে চাকুরীতে জড়িত থাকার প্রমান পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

কেবল মাত্র সুপারভাইজারের সম্মতিপত্র / সুপারিশ / স্বাক্ষর সম্বলিত ছাত্র-ছাত্রীদের আবেদন পত্র সমূহ বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাই এর মাধ্যমে যথাযথ হওয়া সাপেক্ষে ভর্তির জন্য উপযুক্ত বিবেচনা করা হবে।

সংশ্লিষ্ট কোর্সে ইতপূর্বে কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত নয় তার নিশ্চয়তা আবেদনকারীকে দিতে হবে। আবেদনকারী কর্তৃক প্রদত্ত কোন তথ্য ভুল প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট ভর্তি সহ যে কোন সিদ্ধান্ত পরিবর্তন / পরিবর্তন করার এখতিয়ার সংরক্ষিত থাকবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি অগ্রণী ব্যাংক, নোবিপ্রবি শাখায় জমাদানের মধ্যদিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ড. মোহাম্মদ হাফিজুল ইসলাম।

চেয়ারম্যান ও আহ্বায়ক এম. এস ২০২১-২০২২ ভর্তি কমিটি।

বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

নোয়াখালী-৩৮১৪

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

ডীন, বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।

রেজিস্ট্রার, নোবিপ্রবি। (অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রেরণের অনুরোধ সহ)

হিসাব পরিচালক, নোবিপ্রবি।

পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি। (অনলাইনের মাধ্যমে সম্প্রচারের অনুরোধ সহ)

পরিচালক। ভারপ্রাপ্ত। জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।

ভর্তি কমিটির সম্মানিত সদস্য বৃন্দ ও বিভাগীয় সম্মানিত শিক্ষক বৃন্দ।

উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।

সকল নোটিশ বোর্ড, নোবিপ্রবি।